

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

স্মারক নম্বর.০৫.৪৪.৫০০০.০০১.০০১.০৬.০০১(ক).১৮ - ৬৬৪(খ) তারিখঃ ২৬ চৈত্র, ১৪২৫
০৯ এপ্রিল, ২০১৯


বিষয় : উত্তম চর্চা বিষয়ক তথ্য প্রেরণ

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা শাখার ০৩ মার্চ, ২০১৯ তারিখের ই-মেইল বার্তা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তার অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কুষ্টিয়া জেলার উত্তম চর্চা বিষয়ক জনগণের দোরগোড়ায় স্বচ্ছতা ও দ্রুততার সাথে সেবা পৌঁছে দেয়ার তথ্য ও ছবি নিকস ফন্টে সফটকপি এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ২০(বিশ) পাতা।

সিনিয়র সহকারী প্রধান
গবেষণা শাখা
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



মো: আসলাম হোসেন

জেলা প্রশাসক

কুষ্টিয়া।

ফোন নং.০৭১৬২৩০০

dckushtia@mopa.gov.bd

বিষয় : উত্তম চর্চা বিষয়ক নথি (Best Practices) প্রতিবেদন প্রেরণ।(খসড়া)

১) উত্তম চর্চার শিরোনাম: জনগণের দোরগোড়ায় স্বচ্ছতা ও দ্রুততার সাথে সেবা পৌঁছে দেয়া।

২) উত্তর চর্চার বিবরণ:

ক) ডিজিটাল সেবার মাধ্যমে জনগণের কাঙ্ক্ষিত সেবা প্রদান নিশ্চিত করা।

১) জনগণের দৌড়গোড়ায় সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে ইউনিয়ন ও ভূমি অফিসের কার্যক্রম স্বচ্ছদতা সাথে সম্পন্ন করণের নিমিত্তি কুষ্টিয়া সদর ও কুমারখালী উপজেলায় ই-নামজারী ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। এতে ঘরে বসে সেবা প্রত্যাশি নামজারীর প্রতিবেদন প্রেরণ, শুনানী গ্রহণসহ কেস নিষ্পত্তির ক্ষেত্রে যাবতীয় তথ্যাদি জানতে পারছেন। উল্লেখ্য যে এ সিস্টেমে এ পর্যন্ত ১৭৪৪টি ই-নামজারি মামলা নিষ্পত্তি করা হয়েছে।
(স্থির চিত্র সংযুক্ত)।



২

২) নাগরিক সেবার মান ও গতি বৃদ্ধির লক্ষ্যে জেলা পর্যায়ে জেলা প্রশাসক, সিভিল সার্জন, ডিডি পরিবার পরিকল্পনা ও জেল সুপার এবং উপজেলা পর্যায় উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)বৃন্দ সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে (বুধবার) নিয়মিত গণশুনানির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। একই দিনে সেবা প্রত্যাশির আবেদনের আলোকে সমস্যার সমাধান করা হচ্ছে। ২০১৯ সালের ৩১/৩/২০১৯ পর্যন্ত জেলা পর্যায়ে ১০১ ৫৫+ ৪৪= ২০০ জন এবং উপজেলা পর্যায়ে ২৬০+২৯৩+ ৩ ১৩= ৮৬৬ জন সেবা প্রত্যাশির আবেদনের গণশুনানি গ্রহণ করা হয়েছে। (গণশুনানী গ্রহণের স্থির চিত্র সংযুক্ত)

"বুধবারের গণশুনানী"

কুষ্টিয়া জেলার সুযোগ্য জেলা প্রশাসক জনাব মোঃ আসলাম হোসেন প্রতি বুধবারের মত আজ ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার তাঁর অফিস কক্ষে জনগণের আবেদন শুনানী গ্রহণ করেন।



৩) সুশৃঙ্খলভাবে রেকর্ডরুমের ব্যবস্থাপনা ও হয়রানীরোধে এবং জনগণকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয় হতে ইউডিসির মাধ্যমে আবেদন প্রাপ্তির সঙ্গে সঙ্গে নির্ধারিত সময়ের মধ্যে (সর্বোচ্চ ৩ (তিন) দিন জেলা মহাফেজ খানা হতে হতে রেকর্ডের পরচাঁর কপি সরবরাহ করা হচ্ছে। ২০১৯ সালের ৩১/৩/২০১৯ পর্যন্ত ডিআর আর পদ্ধতিতে ১২২১৩টি আবেদন নিষ্পত্তি করা হয়েছে এবং জনগণকে সরবরাহ করা হয়েছে



৪) নাগরিক সেবা প্রদান কার্যক্রমে উদ্ভাবনী প্রয়াসের উদাহরণ হিসেবে জেলা রাজস্ব প্রশাসনের কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে জমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্থদের ক্ষতিপূরণ প্রদানে যেন কোন প্রকার দুর্নীতি না হয় সে জন্য জেলা প্রশাসক স্বয়ং ভূমি মালিকগণের জমির উপর দাড়িয়ে এল, এ, কেসের চেক বিতরণের মাধ্যমে জনগণকে সেবা প্রদান নিশ্চিত করা হয়েছে। এতে করে আবেদনকারীর সময়, অর্থ এবং শ্রম সাশ্রয় হয়েছে। (স্থিরচিত্র সংযুক্ত)।



